দৈনিক
ইনকিলাব

# চট্টগ্রামে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কার্যক্রম উদ্বোধন

চট্টগ্রাম ব্যুরো

গত রবিবার বিকালে লালদীঘি ময়দানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আয়োজিত একুশে ফেব্রুয়ারী ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন কার্যক্রম উদ্বোধন করেন সিটি মেয়র আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরী। জাতীয় পতাকা ও কর্পোরেশনের পতাকা উত্তোলন, বেলুন ও পায়রা উড়িয়ে এই কার্যক্রম উদ্বোধন শেষে একই স্থানে বইমেলার উদ্বোধন করেন বিশিষ্ট সমাজ বিজ্ঞানী ড. অনুপম সেন। পরে অনুষ্ঠিত আলোচনা সভায় সিটি মেয়র আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরী বলেন, '৫২ সালে একমাত্র বাঙালি জাতিই প্রথম ভাষার জন্য রক্ত দিয়ে প্রমাণ করেছে তারা অধিকার প্রতিষ্ঠায় যে কোন ত্যাগ স্বীকারে প্রস্তুত। ভাষা আন্দোলনের সেই ধারাবাহিকতায় '৭১ সালে বাঙালি জাতি বিশ্ব ইতিহাসে সর্বোত্তম আত্মত্যাগের মধ্য দিয়ে স্বাধীনতা ছিনিয়ে এনেছিল। অতিথি ড. অনুপম সেন বলেন, যে শিশু মাতৃদুগ্ধ পান করে সে সবল ও মেধাবী হয়ে ওঠে। আর মাতৃভাষার মাধ্যমে যে জাতি সুশিক্ষিত হয়, সে জাতি আত্মমর্যাদাশীল হয়ে ওঠে। কিন্তু আজ আমাদের আত্মমর্যাদা বলতে যেন আর কিছুই নেই। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সমাজকল্যাণ স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান কমিশনার আনোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় আরো বক্তব্য রাখেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. গাজী সালেহউদ্দিন, চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সভাপতি মোস্তাক আহমদ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা আবুল কাশেম, প্রধান শিক্ষা কর্মকর্তা প্রফেসর এটিএম সালেহ জহুর ও কমিশনার মোঃ শহীদুল আলম। আলোচনা সভা শেষে মঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। ১০ দিনব্যাপী আয়োজিত এ অনুষ্ঠান শেষ হবে আগামী ২২ ফেব্রুয়ারী।